



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
টরন্টো, কানাডা



প্রেস বিজ্ঞপ্তি

০৫ আগস্ট ২০২৩

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, টরন্টোতে যথাযোগ্য মর্যাদায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী পালন করা হয়। এ উপলক্ষে বাংলাদেশ কনস্যুলেট প্রাঙ্গনে এক আলোচনা সভা ও স্মৃতিচারণ অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠান সূচিতে ছিল মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বানী পাঠ, বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামালের প্রতিকৃতিতে ফুলেল শ্রদ্ধা জ্ঞাপন, তথ্যচিত্র ও বক্তব্য উপস্থাপন এবং বিশেষ মোনাজাত। উপস্থিত বক্তাগণ তাদের আলোচনায় বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামালের গৌরবোজ্জ্বল জীবন ও কর্মের উপর আলোকপাত করেন।

কনসাল জেনারেল জনাব মোঃ লুৎফর রহমান তাঁর বক্তব্যের শুরুতে জাতির পিতার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামাল ছিলেন বহুমাত্রিক প্রতিভার অধিকারী। ছাত্র হিসেবে ছিলেন অত্যন্ত মেধাবী। সেরা ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠক এবং সংস্কৃতি জগতের এক উজ্জ্বল নক্ষত্র। আবাহনী ক্রীড়াচক্র, স্পন্দন শিল্পী গোষ্ঠী প্রতিষ্ঠার মাধ্যমে তিনি অমর হয়ে আছেন। অফুরন্ত প্রাণশক্তির অধিকারী তিনি ছিলেন অত্যন্ত বিনয়ী, ভদ্র, নিরহংকারী ও সদালাপী। ১৯৭৫ এর ১৫ই আগস্টের কালরাত্রিতে স্বাধীনতা বিরোধীরা তাঁকে নির্মমভাবে হত্যা করে। কিন্তু তাঁর আদর্শ ও দিকনির্দেশনা আজও অনুকরণীয় হয়ে আছে এবং ভবিষ্যতেও থাকবে, এ দেশের ক্রীড়াঙ্গনকে আন্তর্জাতিক ক্ষেত্রে আরও সাফল্যমণ্ডিত করবে।

সবশেষে বীর মুক্তিযোদ্ধা শহিদ ক্যাপ্টেন শেখ কামালের বিদেহী আত্মার শান্তি কামনা করে এবং দেশের শিক্ষা ও ক্রীড়া ক্ষেত্রে অব্যাহত উন্নতি কামনা করে মোনাজাত করা হয়।



